

2018

BENGALI

(MODERN INDIAN LANGUAGE)

Full Marks : 100

Pass Marks : 30

Time : Three hours

The figures in the margin indicate full marks for the questions.

অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×১০=১০

(ক) 'ধরায় দেবতা চাহি' কবিতাটি কার লেখা ?

(খ) 'আমার শপতি লাগে না ধাইও _____ আগে'

শূন্যস্থান পূর্ণ করো

(গ) 'চাঁদের পাহাড়' পাঠটির নায়ক কাকে বলে তোমার মনে হয় ?

(ঘ) 'ফিন্ল্যান্ডে' অমিয় চক্রবর্তীর কোন গ্রন্থের অন্তর্ভুক্ত ?

(ঙ) 'কোমরগঞ্জ' কোথায় অবস্থিত ?

(চ) 'রিখটার' কী ?

(ছ) 'মধু বাতা ঋতায়তে' পাঠটি বিভূতিভূষণের কোন গ্রন্থের অবলম্বনে লেখা ?

(জ) 'সাজঘর' কোন ধরনের নাটক ?

(ঝ) 'সাজঘর' নাটকে উল্লেখিত 'রঙ্গ-ব্যঙ্গ' কী ?

(ঞ) 'কে এ কামিনী' নাটকটি মঞ্চস্থ করার উদ্যোগ কারা নিয়েছিল ?

২। সংক্ষেপে উত্তর দাও :

২×

(ক) "সেকালে দেবতা গোলক তেয়াগি মাটির ধরায় নরের গেহে"
'তেয়াগি' ও 'গেহে' শব্দের গদ্যরূপ লেখো।

(খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কত বৎসর বয়সে কোন পাঠশালায় প্রথম ভর্তি হয়েছিলেন ?

(গ) গণপতি কাজিলাল কোন সংস্কৃতি সম্মেলনের পক্ষ থেকে সর্বদমনকে 'নটনক্ষত্র' প্রদান করার বলেছিলেন ? কেন তিনি এই সম্মান দিতে চেয়েছিলেন ?

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৩×

(ক) 'এই কি লভিলি লাভ অনাহারে অনিদ্রায় ?'
কবির এই আক্ষেপের কারণ কী ?

(খ) 'ধরায় দেবতা চাহিগো চাহি' — কবি কেন ধরায় দেবতার প্রয়োজন অনুভব করেছেন ?

(গ) 'এ বয়স তবু নতুন কিছু তো করে' — এখানে কোন বয়সের কথা বলা হয়েছে ? তারা নতুন কী কী সংক্ষেপে লেখো।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৩×

(ক) পাঠ্যাংশ অবলম্বনে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অঙ্ক শিক্ষার পরিচয় দাও।

(খ) "কিন্তু পিসিমা তাহার সেই সুখবাসনায় একদিনের জন্যেও প্রশ্রয় দেননি।" — পিসিমা কার সুখবাস প্রশ্রয় দেননি ? কিসের সুখবাসনা ? কী করে পিসিমা সুখবাসনায় বাধা দিয়েছিলেন ?

(গ) ফিন্ল্যান্ডের সবচেয়ে বিখ্যাত গল্প লেখকের নাম কী ? তিনি কোন পুরস্কারে সম্মানিত হয়েছিলেন ? তাঁর রচিত একখানি গ্রন্থের নাম লেখো।

উত্তর দাও :

৪×১=৪

(ক) 'চাঁদের পাহাড়' পাঠ্যাংশটিতে আন্তিলিও গান্ভির উল্লেখ রয়েছে। তিনি কে ছিলেন ? তার চিঠির বয়ান তোমার নিজের ভাষায় লেখো।

অথবা

জয়কালী দেবীর চরিত্রচিত্রণ করো।

উত্তর দাও :

৫×২=১০

(ক) বীরসিংহের পাঠশালায় পণ্ডিত কালীকান্ত চট্টোপাধ্যায়ের শিক্ষাদানের নিপুণতা সংক্ষেপে বর্ণনা করো।

অথবা

'ফিন্ল্যান্ডে' পাঠটি অবলম্বনে ফিন্দের ঐশ্বর্য ও সম্পদ সম্বন্ধে লেখো।

(খ) 'বাল্যলীলা' পদটির সারসংক্ষেপ তৈরি করো।

অথবা

'ধরায় দেবতা চাহি' কবিতাটির নামকরণের সার্থকতা আলোচনা করো।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

৪+৪=৮

(ক) ভূমিকম্পের আগে কী কী সাবধানতা অবলম্বন করা উচিত ?

অথবা

কৃত্রিম বা আকস্মিক দুর্ঘটনাজনিত দুর্যোগ বলতে কী বোঝ ? সেগুলি কত প্রকার ?

১১। (ক) ভাবসম্প্রসারণ করো :

বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে।

অথবা

মেঘ দেখে কেউ করিসনে ভয়

আড়ালে তার সূর্য হাসে।

(খ) নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :

একটু দূরে একটি বৃক্ষতলে বসিয়া জনৈক ব্যক্তি খানিকটা ছাতু খাইতেছিল। ভিড়ে যোগদান করে নাই। লোকটির চেহারা অদ্ভুত। খোঁচা খোঁচা গৌফদাড়ি, তৈলবিহীন রক্ষ চুল, আরক্ত নয়ন। পরিধানে একটা ময়লা হাফ-প্যান্ট এবং একটা ময়লাগোছের ফতুরা। খোঁচা-খোঁচা গৌফদাড়িতে ছাতু লাগিয়া চেহারাটা আরও দৃষ্টিকটু হইয়াছে। নিতান্ত নিরুৎসাহভাবে আপন মনে সে ভোজন করিতেছিল। এমন সময়ে ভিড়ের ভিতর হইতে একটা কলরব উঠিল। কলরবে আকৃষ্ট হইয়া জনতার দিকে সে কিছুক্ষণ দ্রুতকৃত করিয়া চাহিয়া রহিল। তাহার পর কি মনে করিয়া একটু হাসিল এবং অবশেষে উঠিয়া ভিড়ের দিকে অগ্রসর হইল। ভাবখানা—ব্যাপারটা কি দেখাই যাক না! ভিড়ের নিকটে গিয়া একজন লোককে প্রশ্ন করিল, এখানে এত ভিড় কিসের ?

গোখরো-সাপটা ধরা পড়েছে।

কেন গোখরো সাপ ?

যে গোখরো-সাপটা আজ সকালে ন্যাপলাকে কামড়েছিল।

ন্যাপলা কে ?

হারু ঘোষের মেজ ছেলে।

প্রশ্নাবলি :

- (i) লোকটা কোথায় বসেছিল এবং কী খাচ্ছিল ?
- (ii) তার অদ্ভুত চেহারা আরো দৃষ্টিকটু লাগছিল কেন ?
- (iii) জনতার কলরব শুনে সে কি করেছিল ?
- (iv) অংশটিতে কোন জাতের সাপের প্রসঙ্গ রয়েছে ?
- (v) ন্যাপলা কে ?

অথবা

ছিপখান তিন-দাঁড় —

তিনজন মাল্লা

চৌপর দিন-ভোর

দ্যায় দূর পাল্লা

কঞ্চির তীর-ঘর

এ চর জাগছে,

বন-হাঁস ডিম তার

শ্যাওলায় ঢাকছে।

চুপ চুপ-ওই ডুব

দ্যায় পানকৌটি,

দ্যায় ডুব টুপ টুপ

ঘোমটার বউটি।

রূপশালি ধান বুঝি

এই দেশে সৃষ্টি,

ধুপছায়া যার শাড়ি

তার হাসি মিষ্টি।

প্রশ্নাবলি :

- (i) কবিতাংশটিতে কয়খানি দাঁড় এবং কয়জন মাল্লার কথা বলা হয়েছে ?
- (ii) কিসের ডিম-এর কথা বলা হয়েছে ?
- (iii) হাঁস ছাড়া এখানে অন্য একটি পাখির উল্লেখ রয়েছে। সেটি কী ?
- (iv) এখানে কোন ধানের কথা বলা হয়েছে ?
- (v) অংশটিতে কোন ধরনের শাড়ির কথা রয়েছে ?

— x —